

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ

বিজ্ঞপ্তি নং- ২৩ /নসক/২০২৪

তারিখ: ২৯/০১/২০২৪ খ্রি.


২০২৪ সালে অনুষ্ঠিতব্য উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণেচ্ছুদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত প্রয়োজনীয় শর্ত পূরণ সাপেক্ষে আগামী ১৪/০২/২০২৪ খ্রি. তারিখের মধ্যে পরীক্ষা শাখা হতে আবেদন ফরম সংগ্রহ করে যথাযথ পূরণ পূর্বক ডাচ-বাংলা মোবাইল ব্যাংকে ৫৯৭/- (পাঁচশত সাতানব্বই) টাকা জমা দিয়ে তালিকাভুক্ত হওয়ার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

**১। প্রয়োজনীয় শর্তাবলী :**

- ক। ২০২৪ সালে অনুষ্ঠিতব্য উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণেচ্ছুদের ২০১৯ সাল বা তৎপূর্বে এস.এস.সি/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) পরীক্ষায় ২০১৮ বা তৎপূর্বে উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২৪ সালের উচ্চ মাধ্যমিক প্রাইভেট পরীক্ষায় অংশগ্রহণের লক্ষ্যে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।
- খ। যে সকল শিক্ষার্থী ২০২২ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে এবং ২০১৯ বা তৎপূর্ববর্তী বছরের এসএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ তাদেরকে ২০২২ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল প্রবেশপত্রসহ রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে হবে।
- গ। উন্মুক্ত বিশ্ববিদ্যালয়/ কারিগরি শিক্ষাবোর্ড/ মাদ্রাসা শিক্ষাবোর্ড হতে উত্তীর্ণ শিক্ষার্থীদের ক্ষেত্রে তাদের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে যাচাই করে জমা দিতে হবে এবং মূল নম্বরপত্রের অপর পৃষ্ঠায় (Verified and found correct) লেখা থাকতে হবে।
- ঘ। যে সকল শিক্ষার্থী ১৯৯৫ সালের পূর্বে এস.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত করতে হবে এবং মূল নম্বরপত্রের অপর পৃষ্ঠায় (Verified and found correct) লেখা থাকতে হবে।
- ঙ। যে সকল পরীক্ষার্থী ১৯৯৯ সালের পূর্ব মাদ্রাসা শিক্ষাবোর্ড থেকে এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত করতে হবে এবং মূল নম্বরপত্রের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and Found Correct লেখা থাকতে হবে।

**২। প্রয়োজনীয় কাগজ পত্র**

- ক। এস.এস.সি/সমমান পরীক্ষা পাশের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/মূল নম্বর পত্র ও মূল সনদ পত্র এবং এ গুলোর ২টি করে সত্যায়িত ফটোকপি।
- খ। পাঠ বিরতির প্রত্যয়ন পত্র ২ কপি। (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নিকট হতে গ্রহণ করতে হবে)।
- গ। চারিত্রিক সনদ পত্র ২ কপি। (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নিকট হতে গ্রহণ করতে হবে)।
- ঘ। সদ্য তোলা পাসপোর্ট আকারের ছবি ৪ কপি।



অধ্যক্ষ

নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ।

